তারিখ 23 SEP 2016 
পৃষ্ঠা ২২ কলাম ৭

দৈনিক
জনকণ্ঠ

# শিক্ষার্থীদের অর্ধেক ভাড়া কার্যকর দাবি

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** গণপরিবহনে শিক্ষার্থীদের জন্য অর্ধেক ভাড়া এবং শিক্ষা উপকরণের মূল্য হ্রাসের দাবিতে বৃহস্পতিবার চট্টগ্রামে বিক্ষোভ মিছিল করেছে চট্টগ্রাম পলিটেকনিক ছাত্রলীগ। বিক্ষোভকারীরা বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে অর্ধেক ভাড়া নেয়ার নির্দেশনা থাকলেও চট্টগ্রামে তা কার্যকর নয়। এছাড়া শিক্ষা উপকরণের দাম যে হারে বাড়ছে তাতে নিম্ন আয়ের পরিবারের সন্তানদের হিমশিম খেতে হচ্ছে। পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রলীগের ব্যানারে এ মিছিলটি নগরীর টেকনিক্যাল মোড় প্রদক্ষিণ করে পুনরায় ইনস্টিটিউট প্রাঙ্গণে এসে এক সমাবেশে মিলিত হয়। এতে বক্তব্য রাখেন পলিটেকনিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক রোমান দাশ, কেন্দ্রীয় ছাত্র সংসদের জিএস আরিফ হাসান, এজিএস ইয়াসিন আরাফাত বাপ্পী, পলিটেকনিক ছাত্রলীগ নেতা কামরুল, রাসেল জমাদ্দার। বক্তারা বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে অর্ধেক ভাড়া নিতে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীর নির্দেশনা রয়েছে। দেশের অনেক স্থানে এ নির্দেশনা প্রতিপালিত হলেও চট্টগ্রামে পুরো ভাড়াই আদায় করা হচ্ছে। তারা পরিবহন সেক্টরে মন্ত্রীর নির্দেশনা কার্যকরের দাবি জানান।